তারিখ: 01 DEC 2016
পৃষ্ঠা: ২ কলাম: ৫

সংবাদ

টোক সরজুবালা বালিকা উচ্চ বিদ্যালয়

# শিক্ষক নিয়োগে অনিয়ম ছাত্রীদের পরীক্ষা বর্জন

**প্রতিনিধি, কাপাসিয়া (গাজীপুর)**

গাজীপুরের কাপাসিয়ার টোক সরজুবালা বালিকা উচ্চ বিদ্যালয়ে শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে গতকাল সকালে ছাত্রীদের বিক্ষোভ, সমাপনী পরীক্ষা বর্জন ও বিদ্যালয়ে ভাংচুরের ঘটনা ঘটেছে। সোমবার থেকে ৬ষ্ঠ, ৭ম, ৯ম শ্রেণীর সমাপনী পরীক্ষা শুরু হওয়ার কথা থাকলেও বিশৃঙ্খলার কারণে পূর্বনির্ধারিত পরীক্ষা নেয়া সম্ভব হয়নি। জানা যায়, কাপাসিয়ার টোক সরজুবালা বালিকা উচ্চ বিদ্যালয়ে ব্যবসায়ি শিক্ষা. শাখার শিক্ষক প্রয়োজন ও সরকারি নির্দেশনা থাকা সত্ত্বেও রহস্যজনক কারণে সমাজ-বিজ্ঞানের শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে। আর এতে ক্ষিপ্ত হয়ে পরীক্ষা বর্জনের ঘোষণা দেয় বিক্ষুব্ধ শিক্ষার্থীরা। এ সময় পরীক্ষার কক্ষে তালা লাগিয়ে ছাত্রীরা বাইরে অবস্থান নেয়। স্কুলের স্টুডেন্ট ক্যাবিনেট প্রধান ফাতেমাতোজ জোহরা ডলি বলেন, ব্যবসায়ী শিক্ষা শাখার শিক্ষক নিয়োগ না দেয়া পর্যন্ত আমরা পরীক্ষায় অংশগ্রহণ করব না। নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন শিক্ষক জানায়, সম্পূর্ণ নিয়মবহির্ভূতভাবে শরীরচর্চা শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নিয়োগের পরই সমস্যা আরো প্রকট আকার ধারণ করে। স্কুলের সভাপতি চানমিয়া জানান, দীর্ঘদিনের সমস্যা একদিনে শেষ হওয়া সম্ভব নয়। একাধিক অভিভাবক জানান, ঐতিহ্যবাহী এই শিক্ষা প্রতিষ্ঠানটি নানাবিধ কোন্দলের কারণে শিক্ষাকার্যক্রম প্রায় ব্যাহত হয়। সময়মতো বার্ষিক পরীক্ষা না হওয়ায় কোমলমতি ছাত্রীদের ভবিষ্যৎ নিয়ে চিন্তিত আমরা। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আবুল কালাম আজাদ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।